

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ ।

স্মারক নং- ৩৪.০১.৩৬১১.০০০.০৬.৭১.১৫- ১২৪

তারিখ : ০৮/০৫/২০২২

“ নোটিশ ”

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৫/২০২২খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.৩০টায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ এর কার্যালয়ে উপজেলা “ যুব ও ক্রীড়া উন্নয়ন ” সংক্রান্ত স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হবে । উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ ।

উক্ত সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিনীত অনুরোধ করা হলো ।



(মোঃ জাফর ইকবাল চৌধুরী)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বানিয়াচং, হবিগঞ্জ ।

প্রাপক :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ ।

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ ফারুক আমীন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ ।

সভার তারিখ : ১২/০৫/২০২২খ্রিঃ , সময় : দুপুরঃ ১১.৩০ ঘটিকা ।

স্থান : ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ ।

উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, অর্থ বছরে ১৪টি ব্যাচের মাধ্যমে ৪২০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন বিষয়ে ৭(সাত) দিন মেয়াদী দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রশিক্ষণোত্তর প্রকল্প গ্রহণকারী যুবদের মধ্যে নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণ প্রদান করা হবে। চলতি অর্থবছরে ২৮ জন যুবকে ১২,৪০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। চলমান ঋণ আদায়ের হার ৮৮.১৫%। সভায় খেলাপী ঋণসহ চলমান আদায় ১০০% এ উন্নীত করার জন্য সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়াও প্রশিক্ষণ সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে ঋণ ও আত্মকর্মসৃজন প্রশিক্ষণ কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বাস্তবায়িত হচ্ছে। এ পর্যন্ত ৪২০ জন যুব ও যুব মহিলাদের বিভিন্ন বিষয়ে ৭(সাত)দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোঃ ফারুক আমীন)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
ও সভাপতি

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ ।

তারিখঃ ১২/৫/২০২২

স্মারক নং ৩৪.০১.৩৬১১.০০০.০৬.০৭১.১৫- ১২২
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
০৩। চেয়ারম্যান, ৪/৫/১২ ইউ/পি, বানিয়াচং, হবিগঞ্জ।
০৪। অফিস কপি।






(মোঃ জাফর ইকবাল চৌধুরী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও সদস্য সচিব

যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ ।

সভায় উপস্থিতির হাজিরা নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	চেয়ারম্যান, ৩নং বানিয়াচং ইউ/পি, বানিয়াচং, হবিগঞ্জ।	
০২	চেয়ারম্যান, ৪নং বানিয়াচং দক্ষিণ পশ্চিম ইউ/পি বানিয়াচং, হবিগঞ্জ।	
০৩	চেয়ারম্যান, ১২ নং সুজাতপুর ইউ/পি, বানিয়াচং, হবিগঞ্জ।	
০৪	মোঃ জাফর ইকবাল চৌধুরী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।	